# বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ওয়েবসাইট: www.berc.org.bd


নং-২৮.০১.০০০০.০১২.১৪.০০১.২৫.১৮৮০

তারিখ: ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ / ১৩ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

## প্রাকৃতিক গ্যাসের শিল্প ও ক্যাপটিভ বিদ্যুৎ শ্রেণিতে নতুন, প্রতিশ্রুত ও বিদ্যমান (অনুমোদিত লোডের অতিরিক্ত গ্যাস ব্যবহারকারী) গ্রাহকের ভোক্তাপর্যায়ে মূল্যহার সংক্রান্ত বিজ্ঞপ্তি।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা), তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড ও সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এর প্রাকৃতিক গ্যাসের শিল্প ও ক্যাপটিভ বিদ্যুৎ শ্রেণিতে নতুন, প্রতিশ্রুত ও বিদ্যমান (অনুমোদিত লোডের অতিরিক্ত গ্যাস ব্যবহারকারী) গ্রাহকের মূল্যহার পুনর্নির্ধারণের প্রস্তাবের বিষয়ে আগ্রহী পক্ষগণকে গণশুনানি প্রদানপূর্বক সকল তথ্যাদি পর্যালোচনা ও বিশ্লেষণান্তে গ্যাস বিতরণ লাইসেন্সীসমূহ কর্তৃক বর্ণিত গ্রাহককে সরবরাহকৃত প্রাকৃতিক গ্যাসের ভোক্তপর্যায়ের মূল্যহার নিম্নলিখিতভাবে পুনর্নির্ধারণ করা হলো:

| ক্রমিক নং | গ্রাহকশ্রেণি | মূল্যহার (টাকা/ঘনমিটার) |
|---|---|---|
| ১ | ক্যাপটিভ বিদ্যুৎ (ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট, স্মল পাওয়ার প্ল্যান্ট ও বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র): | |
| | (ক) নতুন[১] গ্রাহক | ৪২.০০ |
| | (খ) প্রতিশ্রুত[২] গ্রাহক: | |
| | (i) প্রতিশ্রুত গ্রাহকের অনুমোদিত লোডের ৫০% পর্যন্ত ব্যবহার | ৩১.৫০ |
| | (ii) প্রতিশ্রুত গ্রাহকের অনুমোদিত লোডের ৫০% এর উর্দ্ধে ব্যবহার | ৪২.০০ |
| | (গ) বিদ্যমান গ্রাহক: | |
| | (i) বিদ্যমান অনুমোদিত লোড পর্যন্ত ব্যবহার | ৩১.৫০ |
| | (ii) বিদ্যমান অনুমোদিত লোডের উর্ধ্বে ব্যবহার | ৪২.০০ |
| ২ | শিল্প: | |
| | (ক) বৃহৎ: | |
| | (i) নতুন[১] গ্রাহক | ৪০.০০ |
| | (ii) প্রতিশ্রুত[২] গ্রাহক: | |
| | (অ) প্রতিশ্রুত গ্রাহকের অনুমোদিত লোডের ৫০% পর্যন্ত ব্যবহার | ৩০.০০ |
| | (আ) প্রতিশ্রুত গ্রাহকের অনুমোদিত লোডের ৫০% এর উর্দ্ধে ব্যবহার | ৪০.০০ |
| | (iii) বিদ্যমান গ্রাহক: | |
| | (অ) বিদ্যমান অনুমোদিত লোড পর্যন্ত ব্যবহার | ৩০.০০ |
| | (আ) বিদ্যমান অনুমোদিত লোডের উর্ধ্বে ব্যবহার | ৪০.০০ |
| | (খ) মাঝারি: | |
| | (i) নতুন[১] গ্রাহক | ৪০.০০ |
| | (ii) প্রতিশ্রুত[২] গ্রাহক: | |
| | (অ) প্রতিশ্রুত গ্রাহকের অনুমোদিত লোডের ৫০% পর্যন্ত ব্যবহার | ৩০.০০ |
| | (আ) প্রতিশ্রুত গ্রাহকের অনুমোদিত লোডের ৫০% এর উর্দ্ধে ব্যবহার | ৪০.০০ |
| | (iii) বিদ্যমান গ্রাহক: | |
| | (অ) বিদ্যমান অনুমোদিত লোড পর্যন্ত ব্যবহার | ৩০.০০ |
| | (আ) বিদ্যমান অনুমোদিত লোডের উর্ধ্বে ব্যবহার | ৪০.০০ |
| | (গ) ক্ষুদ্র, কুটির ও অন্যান্য: | |
| | (i) নতুন[১] গ্রাহক | ৪০.০০ |
| | (ii) প্রতিশ্রুত[২] গ্রাহক: | |
| | (অ) প্রতিশ্রুত গ্রাহকের অনুমোদিত লোডের ৫০% পর্যন্ত ব্যবহার | ৩০.০০ |
| | (আ) প্রতিশ্রুত গ্রাহকের অনুমোদিত লোডের ৫০% এর উর্দ্ধে ব্যবহার | ৪০.০০ |
| | (iii) বিদ্যমান গ্রাহক: | |
| | (অ) বিদ্যমান অনুমোদিত লোড পর্যন্ত ব্যবহার | ৩০.০০ |
| | (আ) বিদ্যমান অনুমোদিত লোডের উর্ধ্বে ব্যবহার | ৪০.০০ |

[১]গ্যাস সরবরাহের জন্য নতুন Gas Sales Agreement (GSA) সম্পাদিত হলে তা নতুন গ্রাহক হিসেবে গণ্য হবে।

[২]অত্র আদেশ জারীর তারিখ অর্থাৎ ১৩ এপ্রিল ২০২৫ তারিখ পর্যন্ত ইস্যুকৃত ডিমান্ড নোট অনুযায়ী নির্ধারিত তারিখের মধ্যে অর্থ পরিশোধকারী গ্রাহক প্রতিশ্রুত গ্রাহক হিসেবে গণ্য হবে।

২। কমিশনের ৩০ জুন ২০১৯ তারিখের প্রজ্ঞাপন নম্বর:- ২৮.০১.০০০০.০১২.১৪.০০১.১৯-৪১০৫ অনুসারে শিল্প এবং ক্যাপটিভ বিদ্যুৎ (ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট, স্মল পাওয়ার প্ল্যান্ট ও বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র) এর ক্ষেত্রে প্রতি ঘনমিটারে (মাসিক অনুমোদিত লোডের বিপরীতে) ০.১০ টাকা হারে ডিমান্ড চার্জ অপরিবর্তিত থাকবে।

৩। এ আদেশ ১৩ এপ্রিল ২০২৫ হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

কমিশনের আদেশক্রমে,

১৩.০৪.২০২৫

**মোঃ আবুল কালাম আজাদ**

সচিব (অতি: দায়িত্ব), বিইআরসি।

ফোন: ০২-৫৫০১৪০০৭